



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮১৭৪

তারিখ: ১০/১১/১৪

বিষয় : সমাজ কর্ম, সমাজ বিজ্ঞান, ভূগোল, কৃষি শিক্ষা, উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন, ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ের পাঠদানের
অনুমতি প্রদান

সূত্র : (ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাঃ ৮/১৬সি-৫/২০১০/১০১৯, তারিখঃ ০৩ জুলাই-২০১৪।

(খ) চেয়ারম্যান মহোদয়ের ০৩/০৯/২০১৪ তারিখে নথিতে অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে সমাজ কর্ম, সমাজ বিজ্ঞান, ভূগোল, কৃষি শিক্ষা, উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন, ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয়ে ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৫ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী :

- ০১) পাঠদানের এ অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে বিবেচনা করা যাবে না।
- ০২) পাঠদানের কোন ব্যাঘাত সৃষ্টি না হয় সে দিকে লক্ষ রাখতে হবে।
- ০৩) মান সম্মত পাঠদানের ব্যবস্থা করতে হবে।
- ০৪) কলেজ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় অবকাঠামোর (যেমন শ্রেণীকক্ষ, আসবাবপত্র ইত্যাদি) সুব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৫) বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে শৃংখলা ও কলেজের আইন শৃংখলা বজায় রাখতে হবে।
- ০৬) উল্লিখিত শর্ত প্রতিপালন না করা হলে কিংবা এমন কোন পরিস্থিতি যেমন শিক্ষার গুণগতমানহ্রাস, কলেজের ছাত্র-ছাত্রীদের শৃংখলা ভঙ্গ ইত্যাদি কারণে কর্তৃপক্ষ প্রয়োজনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপর্যুক্ত বিষয় খোলার অনুমতি বাতিল করতে পারবেন।

অধ্যক্ষ

পটুয়াখালী সরকারি কলেজ

পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি

১০.১১.১৪
(ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫